

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১৮, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৬ ফাল্গুন ১৪২১/১৮ ফেব্রুয়ারি ২০১৫

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৫.০৫২—প্রধানমন্ত্রীর মুখ্যসচিব জনাব আবদুস সোবহান সিকদার ১৯৮১ সালের জানুয়ারি মাসে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক দীর্ঘ ৩৪ বৎসর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করেন। ইতঃপূর্বে তিনি সিনিয়র সচিব হিসাবে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং সচিব হিসাবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে নিয়োজিত ছিলেন। এছাড়া তিনি মাঠ পর্যায়ে জেলা প্রশাসকসহ বিভিন্ন পদে কর্মরত ছিলেন। জনাব আবদুস সোবহান সিকদার ছিলেন একজন বিচক্ষণ কর্মকর্তা। কর্মজীবনে তিনি নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব হিসাবে তাঁর সেবা ও কর্তব্যপরায়ণতা প্রশংসনীয়। দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব আবদুস সোবহান সিকদারকে ধন্যবাদ জ্ঞাপন এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ০৪ ফাল্গুন ১৪২১/১৬ ফেব্রুয়ারি ২০১৫ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

২। জনাব আবদুস সোবহান সিকদারকে ধন্যবাদ জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৪ ফাল্গুন ১৪২১/১৬ ফেব্রুয়ারি ২০১৫ তারিখের বৈঠকে গৃহীত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা
মন্ত্রিপরিষদ সচিব

(১০৪১)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

০৪ ফাল্গুন ১৪২১
ঢাকা : ১৬ ফেব্রুয়ারি ২০১৫

প্রধানমন্ত্রীর মুখ্যসচিব জনাব আবদুস সোবহান সিকদার ১৯৮১ সালের জানুয়ারি মাসে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক দীর্ঘ ৩৪ বৎসর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করেছেন। ইতঃপূর্বে তিনি সিনিয়র সচিব হিসাবে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং সচিব হিসাবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে নিয়োজিত ছিলেন। এছাড়া তিনি মাঠ পর্যায়ে জেলা প্রশাসকসহ বিভিন্ন পদে কর্মরত ছিলেন। জনাব আবদুস সোবহান সিকদার ছিলেন একজন বিচক্ষণ কর্মকর্তা। কর্মজীবনে তিনি নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব হিসাবে তাঁর সেবা ও কর্তব্যপরায়ণতা প্রশংসনীয়। দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব আবদুস সোবহান সিকদারকে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd